

স্মারক নং: ৫.০১.০০০০.০২৭.০৭.০০১.১৭(অংশ-৫)-২(৩৪৭/৩)

তারিখ: ২৭/০৭/২০১৯ খ্রি:

বিষয়: ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে সরবরাহকৃত wi-fi রাউটার ইউনিয়ন PoP কক্ষ থেকে উদ্যোক্তার কক্ষে স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন “জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়)” প্রকল্পটি বর্তমান সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে অন্যতম। প্রকল্পটি মন্ত্রিসভার অনুমোদন মোতাবেক “জাতীয় অগ্রাধিকার প্রকল্প” হিসেবে বিগত ০৬/১২/২০১৮ খ্রিঃ তারিখ গেজেটে প্রকাশিত হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে ২৬০০ ইউনিয়নে দ্রুতগতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। ইতোমধ্যে সারদেশে ৬৩টি জেলার প্রায় ২৩০০টি ইউনিয়নের গ্রামীণ জনপদে উচ্চগতির ইন্টারনেট কানেক্টিভিটি পৌঁছে গিয়েছে।

০২। বর্তমানে ইউনিয়ন পর্যায়ে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে সংযোগকৃত ইন্টারনেট নেটওয়ার্ক ব্যবহার করে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ ইন্টারনেট সেবা প্রদান করা যাচ্ছে। ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে সরবরাহকৃত wi-fi রাউটারটি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনের PoP কক্ষে স্থাপন করা হয়েছে। কিছু উদ্যোক্তার কক্ষটি PoP কক্ষ থেকে ২৫/৩০ মিটার দূরে অবস্থিত হওয়ায় ইন্টারনেটের গতি কাজক্ষিত মাত্রায় পাওয়া যাচ্ছে না। ফলে উদ্যোক্তাগণ কর্তৃক তৃণমূল পর্যায়ে ডিজিটাল সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে।

০৩। বর্ণিতাবস্থায়, ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে আপনার জেলার আওতাধীন ইউনিয়নসমূহের PoP কক্ষে স্থাপিত wi-fi রাউটারটি PoP কক্ষ থেকে উদ্যোক্তার কক্ষে স্থানান্তরের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৭/০৭/১৯

(বিকর্ণ কুমার ঘোষ)

প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)

ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প

মোবাইল নং- ০১৭১৬০৫৪৩১৭

জেলা প্রশাসক

..... জেলা।

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা জেলা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৪। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিসিসি।

৫। ব্যবস্থাপনা পরিচালক, ফাইবার এট হোম লিমিটেড।

৬। ব্যবস্থাপনা পরিচালক, সামিট কমিউনিকেশনস লিমিটেড।

৭। জুনিয়র কনসালটেন্ট, বিভাগ, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প।

৮। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, জেলা, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প।

৯। চেয়ারম্যান, ইউনিয়ন, উপজেলা, জেলা

(ইউসিটিতে স্থাপিত wi-fi রাউটারটির নিরাপত্তা নিশ্চিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো)।

আপনার কর্মরত বিভাগ/জেলার জেলা প্রশাসন কে বর্ণিত স্থানান্তর কার্যক্রম পরিচালনায় সার্বক্ষণিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।